রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, ফেব্রুয়ারি ১৬, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**(মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ / ১৫ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ৫২-আইন/২০২৬/মূসক।**—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading) এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যের আমদানি পর্যায়ে উহার উপর আরোপনীয় ৭.৫% শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর এবং প্রযোজ্য আগাম কর (AT) হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:—

**টেবিল**

| শিরনামা (Heading) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্যসমূহের বিবরণ (Description of Goods) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ২৭.১১ | ২৭১১.১২.০০<br>২৭১১.১৩.০০ | এলপি গ্যাস |

**শর্তাবলি:**

(ক) এই অব্যাহতি সুবিধা শুধু স্থানীয় উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য হইবে;


**মূল্য :** টাকা ৪.০০

(খ) সংশ্লিষ্ট আমদানিকারককে Industrial IRC holder VAT compliant উৎপাদনকারী শিল্প হইতে হইবে;

**ব্যাখ্যা।**—

(অ) "Industrial IRC holder" অর্থ এইরূপ প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত হালনাগাদ শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে;

(আ) "VAT compliant" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর অধীন নিবন্ধিত নিয়মিত দাখিলপত্র পেশ করে এইরূপ উৎপাদনকারী প্রতিষ্ঠান।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে এবং ইহা ৩০ জুন, ২০২৬ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান** এফসিএমএ
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd